

বিলম্বে হইলেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তির অঙ্গনে প্রবেশ করিয়াছে

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্র আয়োজিত ৬ষ্ঠ চট্টগ্রাম সন্মেলনের উদ্বোধনকালে ভিসি অধ্যাপক আব্দুল মান্নান বলিয়াছেন, অনেক প্রচেষ্টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তির অঙ্গনে বিলম্বে হইলেও প্রবেশাধিকার লাভ করিয়াছে। এ লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষককে বৃত্তির মাধ্যমে কম্পিউটার শিক্ষা দানের জন্য জাতিসংঘ বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হইয়াছে বলিয়া সন্মেলনে তিনি উল্লেখ করেন।

তিনদিনব্যাপী এ সন্মেলন গত

৮ই জানুয়ারী শুরু হয়।

সন্মেলনে অন্যান্যের মধ্যে বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ মোঃ নুরুল মোস্তফা ও গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক ডঃ জামাল নজরুল ইসলাম স্বাগত ভাষণ দেন। সন্মেলনে দেশ-বিদেশের ৪৩ জন বিজ্ঞানী অংশগ্রহণ করে।

শ্রুতিপত্র বাংলাদেশ প্রকাশিত শ্রুতিপত্র বাংলাদেশ নামে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আব্দুল মান্নানের একটি বই সম্প্রতি আনন্দ ধারা প্রকাশনী হইতে প্রকাশিত হইয়াছে।

সমকালীন পরিস্থিতি নিম্নলিখিত উক্ত বইয়ের ভূমিকা লিখিয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডঃ আনিজ্জামান।

কয়েকটি পরীক্ষার সময়সূচী পরিবর্তন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের পরীক্ষার সময়সূচী পরিবর্তন করা হইয়াছে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ইংরেজী বিভাগের ১৯৯৯ সালের ১ম বর্ষ বিএ অনার্সের ১০১ নং কোর্সের ১০ই জানুয়ারীর পরীক্ষা স্থগিত ঘোষণা করা হইয়াছে। অন্যান্য কোর্সের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হইবে।

পরিসংখ্যান বিভাগের ১ম বর্ষ বিএসসি সন্মান কোর্স নং ১০৭-এর পরীক্ষা ১০ই জানুয়ারীর পরিবর্তে ১৩ই জানুয়ারী দুপুর সাড়ে ১২টায় অনুষ্ঠিত হইবে। ই-ইউনিটের ২০১০-২০১১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সন্মান শ্রেণীর অপেক্ষমান তালিকার সাফাংকার ১০ই জানুয়ারীর পরিবর্তে ১২ই জানুয়ারী সকাল সাড়ে ৯টায় সংশ্লিষ্ট অনুষদের ডীনের অফিস কক্ষে অনুষ্ঠিত হইবে। সন্মেলন প্রবেশপত্র আনিতে হইবে।